

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৬.২৩.০১৪.১৬.২১৬


০৮ পৌষ, ১৪২৩ বঃ
তারিখ:-----
২২ ডিসেম্বর, ২০১৬ খ্রি.

বিষয়: 'জনপ্রশাসন পদক' ২০১৭ প্রদানের জন্য মনোনয়ন আহবান।

জনপ্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে 'জনপ্রশাসন পদক নীতিমালা ২০১৫' (২০১৬ সালে সংশোধিত) অনুসারে সাধারণ ও কারিগরি ক্ষেত্রে জাতীয় ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান এ ০৩ (তিন) শ্রেণিতে মোট ০৬ (ছয়)টি ক্যাটাগরিতে জনপ্রশাসন পদক ২০১৭ প্রদান করা হবে। নীতিমালার ৮ ধারা অনুসারে জেলা/অধিদপ্তর/পরিদপ্তর/মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের মনোনয়ন প্রেরণের সময়সূচি নিম্নরূপ:

মনোনয়ন আহবান	-	৫ জানুয়ারির মধ্যে
জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ	-	১৫ ফেব্রুয়ারির মধ্যে
জেলা/অধিদপ্তর পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৭ মার্চের মধ্যে
জেলা/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ	-	১৫ মার্চের মধ্যে
মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৩১ মার্চের মধ্যে
জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	৭ এপ্রিলের মধ্যে

০২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী ২০১৬ সনের (জানুয়ারি-ডিসেম্বর ২০১৬) কর্মকাল বিবেচনা করে পদক প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রেরণের জন্য নীতিমালা অনুসারে আবেদন আহবান এবং পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(তনিমা তাসমিন)
উপসচিব
ফোন: ৯৫১৩৫৪৪

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,

-----মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা বাছাই কমিটি

-----জেলা (সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, -----বিভাগ (সকল)।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।

৪। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।

৫। অফিস কপি।